**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**21 JANUARY 2025** **7:35 AM IST**

==========================================================================

প্রকৃতির অনবদ্য অবদানে ভরপুর আসাম সহ সমগ্র উত্তর-পূর্বাঞ্চলে পর্যটন সহ বিভিন্ন ক্ষেত্রে বিনিয়োগের ব্যাপক সম্ভাবনা রয়েছে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা গতকাল দক্ষিণ কোরিয়ার রাজধানী সিওলে ইন্ডিয়ান চেম্বার অব কমার্স আয়োজিত ‘এডভান্টেজ আসাম’এর রোড শো’তে অংশগ্রহণ করে একথা বলেন । মুখ্যমন্ত্রী ডঃ শর্মা একইসঙ্গে কোরিয়া বাণিজ্য-বিনিয়োগ প্রসার সংস্থার অধ্যক্ষ কিয়ুং চুং কা এবং সংস্থাটির অন্যান প্রতিনিধিরদের সঙ্গেও আলোচনায় মিলিত হয়েছেন । বৈঠকে মুখ্যমন্ত্রী আসাম এবং কোরিয়ার ব্যবসা বাণিজ্য, শিল্প, এবং দক্ষতা বিকাশ ও উন্নয়নের জন্যে অংশীদারীত্ব সম্পর্কে আলোচনা করেন ।

উল্লেখ্য আগামী ২৫ এবং ২৬শে ফেব্রুয়ারি গুয়াহাটিতে অনুষ্ঠেয় ‘এডভান্টেজ আসাম’এর দ্বিতীয় সংস্করণে বিদেশী বিনিয়োগকারীদের আকর্ষণ করার উদ্দেশ্যে মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা পাঁচ দিনের দক্ষিণ কোরিয়া এবং জাপান সফরে রয়েছেন ।

---

বিচারপতি কার্ডাক ইতে এবং বিচারপতি মৃদুল কুমার কলিতা আজ গুয়াহাটী হাইকোর্টের বিচারপতি হিসেবে শপথ গ্রহণ করবেন । আজ সকাল ১০ টায় গুয়াহাটী হাইকোর্টের নতুন ভবনে মুখ্য বিচারপতি বিজয় বিষ্ণুই নব নির্বাচিত বিচারপতি শ্রী ইতে ও শ্রী কলিতাকে শপথবাক্য পাঠ করাবেন ।

---

গুয়াহাটির ভারতীয় প্রযুক্তি বিদ্যা প্রতিষ্ঠান, আই আই টি-তে আজ প্যান আই আই টি ওয়ার্লড অব টেকনলোজি মিট-২০২৫ শীর্ষক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । রাজ্যের মুখ্যসচিব ডঃ রবি এস. কোটা প্রতিষ্ঠানটির প্রাক্তন শিক্ষার্থীদের প্রচেষ্টায় অনুষ্ঠেয় প্রযুক্তি বিদ্যা সংক্রান্ত এই সম্মেলনের উদ্বোধন করবেন । গতকাল গুয়াহাটি প্রেসক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে আই আই টি-গুয়াহাটির একাংশ আধিকারিক জানান যে-আজকের উদ্বোধনী অনুষ্ঠানে প্রতিষ্ঠানটির প্রতিষ্ঠাতা সঞ্চালক অধ্যাপক ডি এন বুঢ়াগোঁহাই এবং প্রাক্তন সঞ্চালক গৌতম বড়ুয়া সহ বহু বিশিষ্ট ব্যক্তি উপস্থিত থাকবেন ।

---

আসাম বিশ্ববিদ্যালয়ের আজ ৩২ তম প্রতিষ্ঠা দিবস । এ উপলক্ষে আজ সকাল সাড়ে নটা থেকে বিকেল সাড়ে তিনটে পর্যন্ত বিশ্ববিদ্যালয় প্রাঙ্গনে বিভিন্ন কার্যসূচীর আয়োজন করা হয়েছে । প্রতিষ্ঠা দিবস উপলক্ষে আয়োজিত মূল অনুষ্ঠানে পৌরহিত্য করবেন বিশ্ববিদ্যালয়ের আচার্য অবসরপ্রাপ্ত চিফ এয়ার মার্শাল অরূপ রাহা , প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন পদ্মশ্রী ডক্টর রবি কান্নান , বিশ্ববিদ্যালয়ের

উপাচার্য অধ্যাপক রাজীব মোহন পন্থ এবং হোজাই রবীন্দ্রনাথ ঠাকুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মানবেন্দ্র দত্ত চৌধুরী প্রমুখ ।

---

রাজ্যের অর্থ , মহিলা ও শিশু উন্নয়ন মন্ত্রী অজন্তা নেওগ আজ হাইলাকান্দি সফরে আসছেন । মন্ত্রী শ্রীমতি নেওগ আজ বিকেল সাড়ে চারটায় হাইলাকান্দিতে মহিলা ও শিশু উন্নয়ন আধিকারিকদের সংগে এক বৈঠকে মিলিত হবেন । এরপর তিনি শিলচর ফিরে আসবেন । মন্ত্রী শ্রীমতি নেওগ আগামীকাল  শ্রীভূমি জেলা সফরে যাবেন । সেখানে সংশ্লিষ্ট বিভাগীয় আধিকারিকদের সংগে বৈঠকে মিলিত হোয়ার পর শিলচরে এসে তিনি বিভাগীয় আধিকারিকদের সংগে অনুরূপ পর্য্যালোচনা বৈঠক করবেন । আগামী বৃহস্পতিবার অর্থমন্ত্রী শ্রী মতী নেওগ গুয়াহাটী ফিরে যাবেন ।

---

হাইলাকান্দি জেলা সহ রাজ্যের ১৪টি জেলায় আরম্ভ হওয়া দ্বিতীয় পর্য্যায়ের গুনোৎসবের বর্হি মূল্যায়ন গতকাল থেকে সুরু হয়েছে  । দ্বিতীয় পর্যায়ের গুণোৎসবে হাইলাকান্দি হাইলাকান্দি জেলার এক হাজার ২৪৩টি বিদ্যালয়ের এক লক্ষ ৭০ জন ছাত্র-ছাত্রী বর্হিমূল্যায়নে অংশগ্রহণ করছে । এই পর্বে জেলায় ১৩১ জন লিয়াসোঁ অফিসার, এক হাজার ৩১২জন বর্হিমূল্যায়ক নিযুক্ত করা হয়েছে ।

---

শিলচর পূর্ত বিভাগের কার্য্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তীতে দয়াপুর আরকাটিপুর সড়কের আরকাটিপুর রেলওয়ে ক্রসিং থেকে নেপালি বস্তী

পর্য্যন্ত সড়ক দিয়ে আজ সমস্ত দিন সব ধরনের যান চলাচল বন্ধ থাকবে বলে জানিয়েছেন । মূখ্যমন্ত্রী পাকা পথ নির্মান যোজনার অধীনে এই সড়কে আজ বিটুমিনের কাজ করা হবে বলে জানানো হয়েছে ।

---

হাইলাকান্দি জেলার বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান সরস্বতী বিদ্যা নিকেতনের উদ্যোগে গতকাল পিতা-মাতার প্রতি সন্তানের দায়বদ্ধতা এবং কৃতজ্ঞতা স্বরূপ সর্মপন অনুষ্টানের আয়োজন করা হয় । অনুষ্ঠানে আসাম বিশ্ববিদ্যালয়ের সমাজকর্ম বিভাগের অধ্যাপিকা ডক্টর অদিতি নাথ মূখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ।

---

আকাশবাণী শিলচর কেন্দ্রের প্রাক্তন অবসরপ্রাপ্ত সহকারী অনুষ্ঠান অধিকর্তা সৌম্যকান্তি আচার্য গত রবিবার কোলকাতায় শেষ-নিঃশ্বাস ত্যাগ করেছেন । সৌম্যকান্তি আচার্য ১৯৯৩ থেকে ১৯৯৬ সাল পর্যন্ত আকাশবাণী শিলচর কেন্দ্রে অনুষ্ঠান সঞ্চালক হিসেবে দায়িত্ব পালন করেছেন । প্রয়াত আচার্যের মৃত্যুতে গতকাল আকাশবাণী শিলচর কেন্দ্রের কর্মী ও আধিকারীকদের পক্ষ থেকে শোকসভা করে বিদেহী আত্মার শান্তি কামনা করে এক মিনিট নিরবতা পালন করা হয়েছে ।

---

---